



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd



স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.৪৩.৪১৭.২২-৪৩৩

তারিখ : ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: Foundation এবং Slab ঢালাইয়ে আবশ্যিকভাবে সহকারী প্রকৌশলীগণের উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় দেশব্যাপী শিক্ষাপ্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নের কাজ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এ সকল উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অঙ্গীকারবদ্ধ। নির্মায়মান অবকাঠামোসমূহের অন্যান্য অঙ্গের সাথে ভিত্তি (Foundation) এবং Roof Slab ঢালাইয়ের গুণগতমান বজায় রাখা এবং তদারকি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু অনেক ক্ষেত্রেই এ গুরুত্বপূর্ণ কাজ তদারকির জন্য দায়িত্বশীল প্রকৌশলীগণ যথাযথভাবে এবং প্রক্রিয়ায় উপস্থিত থাকেন না মর্মে অভিযোগ রয়েছে। সহকারী প্রকৌশলী হিসেবে উল্লেখিত ঢালাইসমূহে নেতৃত্ব প্রদান একটি আবশ্যিকীয় কাজ। এমনও অভিযোগ পাওয়া যাচ্ছে, সহকারী প্রকৌশলীগণ ঢালাইতে উপস্থিত থাকলেও তদারকিতে আন্তরিক নহেন।

২.০ দীর্ঘ তিন দশক ধরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে একটি অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। টেকসই অবকাঠামো নির্মাণ জাতীয় আয়ের উল্লেখযোগ্য অংশ সাশ্রয়সহ অধিকতর শিক্ষা অবকাঠামো নির্মাণ/সম্প্রসারণ/সংস্কারের সহযোগী। এ জন্য ভিত্তি এবং Roof Slab ঢালাইয়ের গুণগতমান রক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে সহকারী প্রকৌশলীদের নিবিড় তদারকি ও অংশগ্রহণ অত্যন্ত জরুরি।

৩.০ এমতাবস্থায়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন সকল কাজের Foundation এবং Slab ঢালাইয়ের সময় সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলীকে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। এর ব্যত্যয় অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং দায়ী প্রকৌশলীর বিরুদ্ধে চাকরিবিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.০ বিষয়টি জনগুরুত্বপূর্ণ।


০৪/০৪/২৩
(মোঃ দেলোয়ার হোসেন মজুমদার)
প্রধান প্রকৌশলী

জনাব.....
সহকারী প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
..... জেলা।


০৪/০৪/২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/..... সার্কেল;
৭. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/.....জেলা (জারিকৃত পত্রটি সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলীর নিকট প্রেরণপূর্বক প্রাপ্তি নিশ্চিত করবেন);
৮. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৯. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
১০. প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১১. পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১২. অফিস কপি।


০৪/০৪/২৩